



ভারতে প্রায় ২৩৬টি শ্রম আইন রয়েছে। যার মধ্যে কেন্দ্রীয় শ্রম আইন ৫২টি, বাকী ১৮৪টি মিলিত ভাবে সমস্ত রাজ্যগুলির। এত আইন থাকা সত্ত্বেও শ্রমিক কর্মচারির চাকরির নিরাপত্তা, জীবিকার সুযোগ সুবিধা, ইত্যাদি যত দিন গেছে ধীরে ধীরে লোপ পেয়েছে। অসংগঠিত ক্ষেত্রে মোট প্রায় ৯২ শতাংশ কর্মীদের সামাজিক সুরক্ষার ব্যবস্থা নেই। এতদ্সত্ত্বেও সরকার বলছে, পুঁজি বদলাচ্ছে। বিনিয়োগ-উন্নয়ন-শিল্পায়ন-কর্মসংস্থান এসবনা হওয়ার কারণ হিসাবে প্রধানত দায়ী করা হচ্ছে শ্রমিককে— শ্রমিকের প্রাপ্য অধিকারকে। এই ভাবনা থেকেই শ্রম আইনের বদল। এই প্রেক্ষাপটেই কেন্দ্রীয় সরকারের শিল্প ও শ্রম সংক্রান্ত আইনের রদল বদলের চর্চা। এই পুস্তিকায় সরকারের শ্রম আইন পরিবর্তন করতে চাওয়ার কথা তথ্য সহ আলোচিত হয়েছে। ট্রেড ইউনিয়ন, শ্রম আইন বিশেষজ্ঞ ও সমাজ বিজ্ঞানীদের মতামত একটি আলোচনার মাধ্যমে অন্তর্ভুক্ত হয়েছে। শুরুতেই রয়েছে কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত ছোট কারখানার জন্য আইনের আলোচনা। মূল্য— ৪০ টাকা

জানুয়ারি-২০১৫। পৃষ্ঠা সংখ্যা-৪০।